



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

তারিখ : ২৬/০২/২০১৯ খ্রি:

বিষয় : এইচএসসি পরীক্ষা ২০১৯ সূচী ও সুন্দরভাবে অনুষ্ঠিত হওয়ার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রতি জরুরি নির্দেশনা

- ১ পরীক্ষা শুরুর ০৭ (সাত) দিন পূর্বে কেন্দ্রের নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীদের (ভার্সন অনুযায়ী) তালিকা প্রনয়ন করতে হবে (ছক সংযুক্ত)।
- ২ পরীক্ষা শুরুর ০৫ (পাঁচ) দিন পূর্বে ট্রেজারীর ড্রাকে রক্ষিত প্রশ্নপত্রের প্যাকেটের সাথে প্রশ্নপত্রের বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারী অফিসার, কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন। কেন্দ্রের পরীক্ষার্থীর সংখ্যা অনুযায়ী সকল প্রশ্নপত্র পাওয়া গিয়েছে এ মর্মে পরীক্ষা শুরুর ০৩ (তিন) দিন পূর্বে প্রত্যয়ন পত্র বোর্ডে প্রেরণ করতে হবে।
- ৩ মুদ্রিত প্রশ্নপত্রের সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি (MCQ) সেট, পরীক্ষার তারিখ অনুসারে সেট ভিত্তিক আলাদা করে Security খামে প্যাকেট করতে হবে।
- ৪ প্রশ্নপত্রের প্যাকেট যাচাই এর দিনে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে তারিখ ভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট সাজিয়ে Security খামের গাম লাগিয়ে এবং কার্টুন টেপে যথাযথভাবে মুড়িয়ে নিতে হবে এবং Security খামের উপর পরীক্ষার তারিখ, বিষয় কোড ও সেট কোড অবশ্যই লিখতে হবে। এ বিষয়ে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে অবহেলা বলে গণ্য হবে।
- ৫ কোন অবস্থাতেই উপজেলা সদর এর বাহিরে প্রশ্নপত্রের ড্রাক রাখা যাবে না।
- ৬ ট্রেজারী হতে পরীক্ষার দিনগুলোতে ট্রেজারী অফিসারের নিকট হতে ঐ দিনের জন্য সকল সেটের প্রশ্নপত্রের Security প্যাকেট (সৃজনশীল (CQ) এবং বহুনির্বাচনি (MCQ) গ্রহণ করতে হবে।
- ৭ Tag Officer এবং Police ব্যতীত প্রশ্নপত্রের Security খাম নিয়ে ট্রেজারী/থানা থেকে কেন্দ্রে যাওয়া যাবে না।
- ৮ প্রশ্নপত্র ব্যবহারের এসএমএস মোতাবেক সেট ব্যবহার করতে হবে এবং এসএমএস পাওয়ার পর প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় বোর্ডে জমা দিতে হবে।
- ৯ পরীক্ষার তারিখ, সময়, বিষয়, সেট কোড নিশ্চিত হয়ে প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে।
- ১০ পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পাঠানোর সময় সিলেবাস সংক্রান্ত বিষয়টি নিশ্চিত হতে হবে। প্রতিটি কক্ষে ছক অনুযায়ী প্রশ্নপত্রের বিবরণী তৈরী করে দিতে হবে।
- ১১ পরীক্ষার্থীকে অবশ্যই প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত বিষয়ে পরীক্ষা দিতে হবে, অনিয়মিত পরীক্ষার্থীকে তার প্রবেশপত্রে উল্লিখিত সকল বিষয় তার জন্য নির্ধারিত সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিতে হবে।
- ১২ কোন পরীক্ষার্থী যাতে কোন উপায়ে অসুদুপায় অবলম্বন করতে না পারে এ জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষা কেন্দ্রের প্রধান ফটকে পরীক্ষার্থীদের দেহ অবশ্যই তল্লাশি করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে হবে।
- ১৩ ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। শুধুমাত্র ভারপ্রাপ্ত কর্মকর্তা ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন।
- ১৪ নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থীদের ভিন্ন কক্ষে আসন ব্যবস্থা করতে হবে।
- ১৫ পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবশ্যই প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সময়ের পর কোন পরীক্ষার্থী আসলে ভারপ্রাপ্ত কর্মকর্তা বিশেষ বিবেচনায় রেজিস্টার খাতায় রোল নং ও অন্যান্য তথ্য লিপিবদ্ধ করে কেন্দ্রে প্রবেশের অনুমতি দিতে পারবেন। পরীক্ষা শেষে বোর্ডে রেজিস্টার খাতাটি জমা দিতে হবে।
- ১৬ ১৪৪ ধারা জারিকৃত চিহ্নিত স্থানগুলোতে লাল পতাকা টানাতে হবে। পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্য কেউ যাতে জটলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে, প্রয়োজনে হ্যান্ড মাইক ব্যবহার করতে হবে, সম্ভব হলে সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।
- ১৭ বোর্ড সরবরাহকৃত নকল প্রতিরোধমূলক পোস্টার পরীক্ষা কেন্দ্রের প্রবেশ পথের দৃশ্যমান স্থানে লাগাতে হবে।

২৬.০২.২০১৯

প্রফেসর মু. জিয়াউল হক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৯৬১৫২৩৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা

এ বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষা- ২০১৯ এর সকল কেন্দ্র



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নমুনা

একনজরে প্রশ্নপত্রের বিবরণী

কেন্দ্রের নাম-

কেন্দ্র কোড-

পরীক্ষার তারিখ	বিষয়ের নাম ও পত্র, বিষয় কোড	(২০১৯ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা		(২০১৬ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা		(২০১৫ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা	
		বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান

একনজরে কক্ষ ভিত্তিক প্রশ্নপত্রের বিবরণী

কক্ষ নং .....

পরীক্ষার তারিখ	বিষয়ের নাম ও পত্র, বিষয় কোড	(২০১৯ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা		(২০১৬ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা		(২০১৫ সালের সিলেবাস অনুযায়ী) সংখ্যা	
		বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান	বাংলা ভাষান	ইংরেজি ভাষান